# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## ক্রেডিট বিভাগ


ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪০, ই-মেইল dgmsme@krishibank.org.bd


নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(১০)/২০২১-২০২২/(৩৩৭(১২৫০)) তারিখ ঃ ২৫.০৮.২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ২০২১-২০২২ অর্থবছরে ক্লাস্টার ভিত্তিক এসএমই অর্থায়নের লক্ষ্যমাত্রা বন্টন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে ।

০২। এসএমই ঋণ কার্যক্রম চালু হওয়ার পর থেকে বাংলাদেশ ব্যাংক ক্লাস্টার ভিত্তিক অর্থায়নের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করে আসছে। তৎপ্রেক্ষিতে এলাকা ভিত্তিক সম্ভাব্যতার নিরিখে বিভাগওয়ারী ক্লাস্টার ভিত্তিক এসএমই অর্থায়নের একটি লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করা হলো। উল্লেখ্য বিবেচ্য লক্ষ্যমাত্রা প্রধান কার্যালয় কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে প্রদত্ত এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার মধ্যে অন্তর্ভূক্ত থাকবে ঃ

(কোটি টাকায়)

| ক্রঃনং | বিভাগের নাম | ক্লাস্টারের নাম | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ০১ | ঢাকা | মৎস চাষ, হালকা ইঞ্জিনিয়ারিং, ষ্টীল ফার্নিচার, অটোমোবাইল ওয়ার্কশপ ও যানবাহন যন্ত্রাংশ, পাদুকা শিল্প ও জামদানী শাড়ী। | ২২.০০ |
| ০২ | ময়মনসিংহ | মৎস্য চাষ, মৎস্য প্রক্রিয়াকরন ও পাদুকা শিল্প। | ১৩.০০ |
| ০৩ | চট্টগ্রাম | মৎস্য চাষ ও মৎস্য প্রক্রিয়াকরণ, প্লাষ্টিক দ্রব্যাদি, রাবার যন্ত্রাংশ, উপজাতীয়দের বস্ত্র তৈরী, কাঠের আসবাবপত্র। | ১৩.৫০ |
| ০৪ | খুলনা | মৎস্য চাষ, হালকা ইঞ্জিনিয়ারিং, ষ্টীল ফার্নিচার ও ফুল চাষ। | ৮.০০ |
| ০৫ | বরিশাল | মৎস্য চাষ ও মৎস্য প্রক্রিয়াকরণ, চাতাল ব্যবসায়ী, রাইস মিল, জুয়েলারী ব্যবসা। | ৪.০০ |
| ০৬ | সিলেট | উপজাতীয়দের বস্ত্র তৈরী ও আগর উৎপাদন, হোগলা, শীতল পাটি, মোড়া। | ৫.৫০ |
| ০৭ | কুমিল্লা | মৎস্য চাষ, জুয়েলারী ব্যবসা, হালকা ইঞ্জিনিয়ারিং, ষ্টীল ফার্নিচার। | ১৩.০০ |
| ০৮ | ফরিদপুর | মৎস্য চাষ, মাটির তৈরী তৈজসপত্র, বৈদ্যুতিক সামগ্রী, চাতাল ব্যবসায়ী, রাইস মিল। | ৬.০০ |
| ০৯ | কুষ্টিয়া | ধানকল/ চাতাল ব্যবসায়ী, তাঁত শিল্প/বস্ত্র ব্যবসায়ী ও ফুল চাষ। | ১১.০০ |
| ১০ | এল পিও | প্লাষ্টিক পণ্যাদি, কাঠের আসবাবপত্র, স্টীল আসবাবপত্র, যানবাহন যন্ত্রাংশ, হার্ডওয়্যারস সামগ্রী ইত্যাদি। | ৪.০০ |
| | | মোট | ১০০.০০ |

০৩। বিভাগীয় কার্যালয়সমূহ উপরোক্ত লক্ষ্যমাত্রা বাংলাদেশ ব্যাংক কর্তৃক চিহ্নিত এবং অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা-২০১০ এ ক্লাস্টার সম্পর্কিত সংযোজনী 'ক' এর তালিকা মোতাবেক সম্ভাব্যতার আলোকে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহে বন্টন করবেন এবং তার একটি কপি অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। একইভাবে বিভাগ থেকে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ বাস্তবতার নিরিখে অঞ্চলাধীন শাখা সমূহের মধ্যে বন্টন করে উহার একটি কপি বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

০৪।  এমতাবস্থায়, অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা-২০১০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ২০২১-২২ হঅর্থ-বছরে ক্লাস্টারভিত্তিক এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহকে এসএমই এর আওতায় ক্লাস্টার ভিত্তিক ঋণ বিতরন লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করার বিষয়ে নিয়মিত মনিটরিংসহ যথাযথ কার্যব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৫/০৮/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(১০)/২০২১-২০২২/ ৬০৭(৭২৫০)    তারিখঃ ২৫.০৮.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়,বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা।
০৪. অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫. সকল উপ- মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা।
০৬. উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৭. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/ মহানথি।

২৫/০৮/২০২১

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক